গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ. দত্ত রোড
বকশিবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৪.০০০০.০২৭.০২.০৬৫.২০২৬- ৬৩৭(২৮)

তারিখ ৩০ বৈশাখ' ১৪৩৩ / ১৩ মে'২০২৬

বিষয়: **কারাগারে আটক বন্দিদের সাথে তাদের স্বজনদের কথা বলা প্রসঙ্গে।**

আপনারা অবগত আছেন যে, বর্তমানে বন্দিরা সপ্তাহে একদিন তাদের স্বজনদের সঙ্গে ১০ মিনিট করে টেলিফোনে কথা বলার সুযোগ পেয়ে থাকেন।

কল ম্যানেজমেন্ট সিস্টেম চালুর ফলে বন্দিদের টেলিফোনে কথা বলার কার্যক্রম বর্তমানে অত্যন্ত সুশৃঙ্খলভাবে পরিচালিত হচ্ছে। এ প্রেক্ষাপটে বন্দিদের মানসিক স্বাস্থের কথা বিবেচনা করত: সপ্তাহে একদিনের পরিবর্তে সপ্তাহে দুইদিন (প্রতিবার ১০ মিনিট করে) টেলিফোনে কথা বলার সুযোগ প্রদান করা যায় কিনা এ ব্যাপারে আপনাদের সুচিন্তিত মতামত চাওয়া হল।

কারা অধিদপ্তর আশা প্রকাশ করছে যে, এর ফলে একদিকে সাক্ষাৎকক্ষের ভিড় কমবে এবং অন্যদিকে বন্দিদের মানসিক স্বাস্থ্যের উন্নতি ও পারিবারিক যোগাযোগ আরও সুদৃঢ় হবে। এছাড়া উক্ত সুযোগ বৃদ্ধির ফলে বন্দীদের বিভিন্ন অবৈধ যোগাযোগের প্রচেষ্টাও অনেকাংশে হ্রাস পাবে বলে ধারণা করা যায়।

এ বিষয়ে আপনাদের মূল্যবান মতামত প্রদান করার জন্য অনুরোধ করছি।

১৩/০৫/২০২৬
মোঃ জাহাঙ্গীর কবির
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
☎-০২২২৬৬৪৯৯০০ (দপ্তর)।

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি:

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। উপ সহকারী কারা মহাপরিদর্শক (অপারেশন), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ব্যক্তিগত সহকারী (সকল), কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়দের সদয় অবগতির জন্য।